

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 07 April, 2025

যুদ্ধ বিরতি লঙ্ঘন করে গাজায় ইসরাইলের বর্বর গণহত্যার প্রতিবাদে ও ইসরায়েলি পণ্য বর্জনের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শিক্ষার্থীরা।

সোমবার (৭ এপ্রিল) দুপুরে বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয়ের জব্বারের মোড় থেকে শুরু হয়ে কেআর মার্কেট প্রদক্ষিণ করে সমাবর্তন চত্বরে এসে শেষ হয়।

মিছিলে শিক্ষার্থীরা 'ফ্রি ফ্রি ফিলিস্তিন'; 'দুনিয়ার মজলুম এক হও লড়াই করো'; " "ফ্রম দ্যা রিভার টু দ্যা সি, প্যালেস্টাইন উইল বি ফ্রি", "বিশ্ব মুসলিম ঐক্য গড়ো, ফিলিস্তিন স্বাধীন করো", "উহুদের হাতিয়ার, গর্জে উঠো আরেকবার", "নেতা নেতানিয়াহুর দুই গালে, জুতা মারো তালে তালে" সহ বিভিন্ন স্লোগান দিতে থাকেন।

বিক্ষোভ মিছিলে অংশ নেয় বিভিন্ন ক্রিয়াজীবী ছাত্র সংগঠন ও সাধারণ শিক্ষার্থীরা। বিক্ষোভ শেষে তারা ফিলিস্তিনের মুক্তি ও ইসরায়েল কর্তৃক গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদী বক্তব্য রাখেন।

এ সময় বাকুবি শাখা ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমান বলেন, "আজ আমি এমন এক সময়ে উপস্থিত হয়েছি, যখন গাজার একজন সাধারণ মানুষও রাতে শান্তিতে ঘুমাতে পারে না। শিশুরা কাঁদছে তাদের মায়ের জন্য, ইসরাইলের বর্বরতায় ছিন্নভিন্ন লাশ উড়ে বেড়াচ্ছে। বাতাসে ভাসছে বারুদের গন্ধ, লাশের গন্ধ। এমন পরিস্থিতিতে বাংলাদেশের কোনো মানুষ, কিংবা মুসলিম বিশ্বের কোনো মানুষও চুপ থাকতে পারে না। যারা এই হত্যাযজ্ঞের বিচার চাইবেন না এবং এখনো ইসরাইলি পণ্য ব্যবহার করছেন, তাদেরও ইসরাইলের সঙ্গে একত্রে বয়কট করা উচিত।"

তিনি আরো বলেন, "বাকুবির প্রশাসনসহ সকলের প্রতি আমার পরামর্শ থাকবে—একটি লিফলেট তৈরি ও বিতরণ করা হোক, যার এক পাশে থাকবে - কেন ইসরাইলি পণ্য বর্জন করব এবং অন্য পাশে থাকবে ইসরাইলি পণ্যের একটি তালিকা। এভাবে ইসরায়েলি পণ্য বর্জন করতে আমাদের সুবিধা হবে।"

বাকুবির দ্বিতীয় কমিউনিটির সদস্য মো. মারুফ বিল্লাহ বলেন, "আমরা যখন সোশ্যাল মিডিয়াতে আসি আমাদের চোখে পানি চলে আসে ইসরাইলের বর্বরতা দেখে। কিন্তু এই অবস্থায় আমাদের সামর্থ্য নেই আমাদের ভাইদের পাশে দাঁড়িয়ে তাদের সাথে এক হয়ে যুদ্ধ করতে। আমরা অনেক অনেক মাইল দূর থেকে একমাত্র তাদের জন্য দোয়া করতে পারি।"

তিনি আরো বলেন, "ইসরাইলি প্রতিষ্ঠান গুলো তাদের বিজনেস এমনভাবে ডেভেলপ করেছে যে তাদের প্রোডাক্ট এর বেনিফিট থেকে যুদ্ধ

চালিয়ে আসছে যা আমাদের বুঝতে হবে। এমনকি বিশ্ববিদ্যালয়ের অনেক প্রোগ্রামেও ওই সকল প্রোডাক্ট দেখা যায়। তাই আমাদের এসব পণ্য বর্জন করতে হবে।'

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 15:54

URL: <https://timestodaybd.com/campus/948396448>